

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
রাষ্ট্রাচার অনুবিভাগ
রাষ্ট্রীয় অতিথি ভবন, মেঘনা, রমনা
ঢাকা

নং-১৯.০০.০০০০.৭২৫.৩৫.১২১.২১/৭৩৯

১৪ সেপ্টেম্বর ২০২১খ্রি:

প্রাপক: চিফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক)
১ম-১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

প্রেরক: আতাউর রহমান
সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রাচার সফর-১)

বিষয়: আগামী ১৭-২৫ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ পর্যন্ত যথাক্রমে হেলসিন্কে, ফিনল্যান্ডে এবং নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারি সফরের মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে যোগদান উপলক্ষ্যে আগামী ১৯-২৪ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ পর্যন্ত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারী সফর করবেন। নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সফরের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৭ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং নিউইয়র্ক যাওয়ার পথে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৭-১৮ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ পর্যন্ত হেলসিন্কে, ফিনল্যান্ডে যাত্রাবিরতি করবেন। যাত্রাবিরতি শেষে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৯ সেপ্টেম্বর ২০২১ নিউইয়র্ক-এর উদ্দেশ্যে ফিনল্যান্ড ত্যাগ করবেন এবং নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে ১৯-২৪ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ পর্যন্ত সরকারী সফর করবেন। তাঁর এ সফরসমূহের সফরসঙ্গী দলের সদস্য হিসেবে জনাব আবুল কালাম আজাদ, ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিডিএফ)-এ বাংলাদেশ প্রেসিডেন্সির বিশেষ দূত আগামী ১৭-২৫ সেপ্টেম্বর ২০২১খ্রি: তারিখ পর্যন্ত যথাক্রমে হেলসিন্কে, ফিনল্যান্ডে এবং নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারি সফর করবেন।

০২। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরী পত্র জারী করা হলো।

আপনার একান্ত,

(আতাউর রহমান)
সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রাচার সফর-১)
ফোন: ৪১০৩১৫৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. জনাব আবুল কালাম আজাদ, ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিডিএফ)-এ বাংলাদেশ প্রেসিডেন্সির বিশেষ দূত।
০২. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৩. সহকারী কমিশনার (কাষ্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৫. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. অফিস কপি।

(আতাউর রহমান)
সিনিয়র সহকারী সচিব (রাষ্ট্রাচার সফর-১)